

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।  
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

✓ ৩৩০

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৭.০০৩.১৯/ ২৯ (৩৯-২)

তারিখ: ২৬/০৮/২০২১ খ্রি:।


বিষয় :- নেতিবাচক (আমদানি মূল্যের চেয়ে রপ্তানি মূল্য কম) মূল্য সংযোজনের ক্ষেত্রে করণীয় বিষয়ে নির্দেশনা।

সূত্র: কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম এর পত্র নং-৫(১৩)কাবক/চট্ট/কপসীট প্যাঃ/স্মা: স্মা: ২৮/২০২১/২৩৭৮, তারিখ: ২৮/০৭/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রীয় পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনান্তে, কতিপয় প্রচলিত রপ্তানিকারক বন্ডেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে আমদানিকৃত কাঁচামালের মূল্যের চেয়ে রপ্তানিকৃত পণ্যের মূল্য কম, অর্থাৎ ঋণাত্মক বা নেতিবাচক মূল্য সংযোজনের বিষয়টি লক্ষ্য করা যাচ্ছে। এ ধরনের ঋণাত্মক সংযোজনের মাধ্যমে একদিকে যেমন বন্ড সুবিধার অপব্যবহার করা হচ্ছে, অন্যদিকে সরকার রেমিটেন্স হারাচ্ছে। প্রসঙ্গত: উল্লেখ্য যে, পূর্ণ:রপ্তানি ও অর্দ্ধাংশে রপ্তানির ক্ষেত্রে ন্যূনতম ১০% মূল্য সংযোজন এর বিধান রয়েছে। সেক্ষেত্রে ইউপিতে নেতিবাচক বা ঋণাত্মক মূল্য সংযোজন যৌক্তিক ও বিধি সম্মত নয়।

০৩। এমতাবস্থায়, প্রচলিত রপ্তানিকারক বন্ডেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে কাঁচামালের মূল্যের চেয়ে রপ্তানিকৃত পণ্যের মূল্য কম হলে, অর্থাৎ ঋণাত্মক মূল্য সংযোজন হলে প্রতিষ্ঠানের অনুকূলে ইউপি ইস্যু না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ শহীয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnrb@gmail.com

প্রাপক:

কমিশনার


কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৭.০০৩.১৯/ ২৯ (৩৯-২০)

তারিখ: ২৬/০৮/২০২১ ইং।

অনুলিপি অবগতির জন্য:

- ০১। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
- ০২-০৭। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/পানগাঁও/ মোংলা/ আইসিডি (কমলাপুর)।
- ০৮-১৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ড্যাট কমিশনারেট, খুলনা/ রংপুর/ যশোর/ কুমিল্লা/ সিলেট/ রাজশাহী।
- ১৪। মহাপরিচালক, স্ক: গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৫। মহাপরিচালক, স্ক: রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
- ১৬। প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১৭। পি. এস. টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ১৮। পি এ টু সদস্য (গ্রেড-১) (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ১৯-২০। অফিস কপি/গার্ড কপি।



(মোঃ শহীয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnrb@gmail.com